গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১২২/২০১৭-১৮

ঢাকা, রোববার ২৪ ডিসেম্বর ২০১৭, ১০ পৌষ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ নৌবাহিনীর কুচকাওয়াজে সালাম গ্রহণ করবেন

২। স্বচ্ছ ও গ্রহণযোগ্যরাই আগামীতে মনোনয়ন পাবেন : আওয়ামী লীগ প্রেসিডিয়ামের সভায় প্রধানমন্ত্রী

৩। রংপুরের ভোট নিয়ে নির্বাচন কমিশনের প্রশংসায় পর্যবেক্ষকরা

৪। পটুয়াখালীর পায়রায় প্রথম কয়লা বিদ্যুৎকেন্দ্রের ৩৪ ভাগ কাজ শেষ

৫। ২ কোটির ২১ লাখ শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়েছে

৬। জঙ্গিবাদ ও সন্ত্রাসমুক্ত দেশ গড়ার আহ্বান তথ্যমন্ত্রীর

৭। সারাদেশে মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত বধ্যভূমিসমূহে নির্ধারিত ডিজাইনে নির্মাণকাজ করা হবে : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী

৮। পাঁচ মাসে মাছ রপ্তানিতে আয় ২২৫৪ কোটি টাকা : ইপিবি'র প্রতিবেদন

৯। নারীরা সেবামূলক কাজ করেও মূল্যায়ন পান না : অ্যাকশন এইডের প্রতিবেদন

চলমান পাতা-২

১। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ নৌবাহিনীর কুচকাওয়াজে সালাম গ্রহণ করবেন

আজ সকালে চট্টগ্রামে বিএনএ (বাংলাদেশ নেভাল একাডেমি) প্রাঙ্গণে নৌবাহিনীর মিডশিপমেন্ট ক্যাডেট ও ডিইও (ডাইরেক্টর এন্ট্রি অফিসার) রাষ্ট্রপতি কুচকাওয়াজ অনুষ্ঠিত হবে। এর পর অনুষ্ঠিত হবে এ্যাপুলেট ওয়েরিং সিরিমোনি। এ কুচকাওয়াজে সালাম গ্রহণ করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এর আগে তিনি হেলিকপ্টারযোগে চট্টগ্রাম শাহ আমানত বিমানবন্দরে অবতরণ করবেন। এরপর সরাসরি চলে যাবেন পতেঙ্গার বিএনএ'র অনুষ্ঠান প্রাঙ্গণে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৭)।

২। স্বচ্ছ ও গ্রহণযোগ্যরাই আগামীতে মনোনয়ন পাবেন : আওয়ামী লীগ প্রেসিডিয়ামের সভায় প্রধানমন্ত্রী

আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, স্বচ্ছ, পরিচ্ছন্ন ও গ্রহণযোগ্য নেতারাই আগামী নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন পাবেন। আর দল যাকে মনোনয়ন দেবে তার পক্ষেই সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে। গতকাল (২৩ ডিসেম্বর শনিবার) গণভবনে আওয়ামী লীগের প্রেসিডিয়ামের সভায় সভাপতির বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৩। রংপুরের ভোট নিয়ে নির্বাচন কমিশনের প্রশংসায় পর্যবেক্ষকরা

রংপুর সিটি করপোরেশনের নির্বাচন শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ার জন্য নির্বাচন কমিশনের ভূমিকার প্রশংসা করেছে পর্যবেক্ষকদের একটি মোর্চা ইলেকশন ওয়ার্কিং গ্রুপ। গত শনিবার ঢাকায় জাতীয় প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে ডাব্লিউজির পরিচালক আব্দুল আলীম বলেন, নির্বাচন সহিংসতা ও অনিয়ম ছাড়াই অনুষ্ঠিত হয়েছে। এই নির্বাচন ছিল সামগ্রিকভাবে শান্তিপূর্ণ নির্বাচন। নির্বাচন কমিশনের প্রশংসা করে তিনি বলেন, নির্বাচনি প্রশাসনকে নিরপেক্ষতা বজায় রেখে যথাযথ দক্ষতা ও পেশাদারিত্বের সাথে ভোটগ্রহণ কার্যক্রম পরিচালনা করতে দেখা গেছে। সূত্র-**যায়যায়দিন** (পৃ.৩,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৪), **অবজারভার** (পৃ.৪,ক.৬)।

৪। পটুয়াখালীর পায়রায় প্রথম কয়লা বিদ্যুৎকেন্দ্রের ৩৪ ভাগ কাজ শেষ

পটুয়াখালীর পায়রায় ১২ বিলিয়ন ডলার বা ৯৬ হাজার কোটি টাকা ব্যয়ে গড়ে তোলা হচ্ছে নয় হাজার মেগাওয়াটের বৃহৎ বিদ্যুৎ হাব। বিদ্যুৎ হাবে দেশের প্রথম এক হাজার ৩২০ মেগাওয়াটের কয়লা চালিত বিদ্যুৎ কেন্দ্রটি ২০১৯ সালে উৎপাদনে আসবে। ইতোমধ্যে বিদ্যুৎকেন্দ্রটির ৩৪ ভাগ কাজ শেষ হয়েছে। বিদ্যুৎ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু গত শুক্রবার (২২ ডিসেম্বর) পায়রা বিদ্যুৎকেন্দ্র পরিদর্শন শেষে জানান, পদ্মাসেতুর নির্মাণ শেষ হলে দক্ষিণ-পশ্চিমাঞ্চলে শিল্প কারখানার বিস্তার ঘটবে। সরকারের মহাপরিকল্পনা অনুযায়ী এই এলাকায় ১২ হাজার মেগাওয়াট বিদ্যুৎ প্রয়োজন হবে, যার মধ্যে নয় হাজার মেগাওয়াট বিদ্যুৎ আসবে পায়রা থেকে। বিদ্যুৎকেন্দ্রটির কয়লা সংগ্রহের প্রক্রিয়া শুরু হয়েছে জানিয়ে প্রতিমন্ত্রী বলেন, আমরা অস্ট্রেলিয়া এবং ইন্দোনেশিয়া থেকে বিদ্যুৎ উৎপাদনের জন্য কয়লা সংগ্রহ করব। ইতোমধ্যে ইন্দোনেশিয়ার সঙ্গে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

৫। ২ কোটির ২১ লাখের বেশি শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়েছে

দেশের ২ কোটি ২১ লাখ শিশুকে অন্ধত্ব ও মৃত্যুর হাত থেকে বাঁচানোর লক্ষ্যে সারাদেশে গতকাল (২৩ ডিসেম্বর শনিবার) জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন (দ্বিতীয় রাউন্ড) পালন করা হয়েছে। স্বাস্থ্য মন্ত্রণালয়ের সার্বিক সহযোগিতায় জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠানের উদ্যোগে জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন পালন করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৪,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

৬। **জঙ্গিবাদ ও সন্ত্রাসমুক্ত দেশ গড়ার আহ্বান তথ্যমন্ত্রীর**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, নতুন প্রজন্মকে স্বাধীনতার ইতিহাস বক্ষে ধারণ করে সামনে এগুতে হবে। নিজেদের মধ্যে দেশপ্রেম জাগ্রত করে পড়ালেখা করে মানুষ হিসেবে বেরুতে হবে। মন্ত্রী গতকাল (২৩ ডিসেম্বর শনিবার) চট্টগ্রামের হালিশহর পি এইচ আমীন একাডেমির ৭৫ বর্ষপূর্তি অনুষ্ঠানে উদ্বোধন দিনে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। তথ্যমন্ত্রী তরুণদের জঙ্গিবাদ ও সন্ত্রাসমুক্ত দেশ গড়ার আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮)।

৭। **সারাদেশে মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত বধ্যভূমিসমূহে নির্ধারিত ডিজাইনে নির্মাণকাজ করা হবে : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী**

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেছেন, মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত দেশের প্রত্যেক বধ্যভূমিতে নির্ধারিত ডিজাইনে নির্মাণকাজ আগামী তিন মাসের মধ্যে শুরু হবে। আগামী প্রজন্মকে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানাতে এবং শত বছর পরও যেন মানুষ তা দেখতে পারে, তাই এ উদ্যোগ নেয়া হয়েছে। গতকাল (২৩ ডিসেম্বর শনিবার) ফেনীর সোনাগাজীতে আমিরাবাদ বি সি লাহা উচ্চ বিদ্যালয় এন্ড কলেজের ১০০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **যায়যায়দিন** (পৃ.৩,ক.৬)।

৮। **পাঁচ মাসে মাছ রপ্তানিতে আয় ২২৫৪ কোটি টাকা : ইপিবি'র প্রতিবেদন**

চলতি ২০১৭-১৮ অর্থবছরের জুলাই-নভেম্বর মেয়াদে হিমায়িত ও জীবিত মাছ রপ্তানিতে আয় হয়েছে ২৭ কোটি ২৪ লাখ মার্কিন ডলার বা ২ হাজার ২৫৪ কোটি টাকা, যা এ সময়ের রপ্তানি লক্ষ্যমাত্রার চেয়ে ৩২ দশমিক ০৫ শতাংশ বেশি। আর অর্থবছরের প্রথম ৫ মাসে শুধু চিংড়ি রপ্তানিতে আয় হয়েছে ২৪ কোটি মার্কিন ডলার, যা মোট হিমায়িত ও জীবিত মাছ রপ্তানি আয়ের ৮৮ দশমিক ১২ শতাংশ। বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) ডিসেম্বর মাসে প্রকাশিত হালনাগাদ প্রতিবেদন থেকে এসব তথ্য জানা গেছে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৪,ক.১), **ইনকিলাব** (পৃ.৩,ক.৬)।

৯। **নারীরা সেবামূলক কাজ করেও মূল্যায়ন পান না : অ্যাকশন এইডের প্রতিবেদন**

বাংলাদেশের একজন নারী প্রতিদিন গড়ে প্রায় সাড়ে ছয়ঘণ্টা সেবামূলক কাজ করলেও তার পারিবারিক, সামাজিক ও অর্থনৈতিক মূল্যায়ন পান না। কারণ দেশের নীতি ও আইনে নারীর ঘরের কাজের মূল্যায়ন, স্বীকৃতি ও পুনর্বন্টনের বিষয়ে সুনির্দিষ্ট উদ্যোগ নেই। ফলে নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন এখনও অনেক দূরের বিষয়। বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ার চারটি দেশের নীতি পর্যালোচনা করে এমন তথ্য জানিয়েছে অ্যাকশন এইড বাংলাদেশ। গতকাল (২৩ ডিসেম্বর শনিবার) গুলশানের লেকশোর হোটেলে 'দক্ষিণ এশিয়ায় নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন এবং গৃহস্থালির সেবামূলক কাজ : নীতি পর্যালোচনা' নামের প্রতিবেদনটি তুলে ধরে অ্যাকশন এইড বাংলাদেশ। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪)।

সম্পাদকীয়

ক. **সমকাল :** বিশ্বব্যাংক ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার এক প্রতিবেদনে মাত্রাতিরিক্ত চিকিৎসা ব্যয়ের কারণে বাংলাদেশের মানুষ বিশ্বে সবচেয়ে বেশি হারে দরিদ্র্য হচ্ছে এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে চিকিৎসা ব্যয় নিম্ন বিত্তের যাতে নাগালে থাকে এ ব্যাপারে কর্তৃপক্ষের নজর দেওয়ার সুপারিশ।

খ. **প্রথম আলো** : টাঙ্গাইল শহরে দেওলা এলাকায় অবস্থিত বাস টার্মিনালের সামনে সড়কে সৃষ্ট যানজটের কারণে প্রতিনিয়নত মানুষ যে ভাগান্তি শিকার হতে যাচ্ছে তা প্রতিকারের ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ ।

গ. **জনকণ্ঠ :** অপরিকল্পিত শিল্পায়ন ও অপর্যাপ্ত বজ্য ব্যবস্থাপনার কারণে বিভিন্ন শহরের বায়ু ও পানি দূষিত হয়ে পড়ছে উল্লেখ করে দূষণ রোধে কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

গ. **সংবাদ :** সারাদেশের বেহাল সড়ক-মহাসড়কগুলো সংস্কারের সুপারিশ।

ঘ. **যায়যায়দিন :** বাজারে নতুন পেঁয়াজ উঠলেও পেঁয়াজের দাম কমছে না উল্লেখ করে বাজার নিয়ন্ত্রণের ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** সম্প্রতি মালয়েশিয়ায় ৬৫ বাংলাদেশির গ্রেপ্তার ও সাজা প্রদানের ঘটনায় উদ্বেগ প্রকাশ করে কুয়ালালামপুরের বাংলাদেশি দূতাবাসকে এসব বাংলাদেশিকে মুক্ত করে সেখানে বৈধভাবে বসবাসের ব্যবস্থা করার সুপারিশ।

চ. **ডেইলি সান :** কিছু বেরসরকারি মেডিক্যাল কলেজে কম যোগ্যতাসম্পন্ন শিক্ষকদের দ্বারা শিক্ষা প্রদানসহ মেধাহীন শিক্ষার্থী ভর্তি করানোর পরিপ্রেক্ষিতে এসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে জরুরিভিত্তিতে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ছ. **ডেইলি স্টার :** সাইক্লোন মোরা'য় ক্ষতিগ্রস্তদের জন্য ইন্ডিয়ান নেভির পাঠানো ত্রাণসামগ্রী চট্টগ্রাম বন্দরে দীর্ঘ ছয় মাস ধরে আটকে থাকায় বন্দরের কার্যক্রমের বিশৃঙ্খল অবস্থার বাস্তব চিত্র তুলে ধরে বন্দরের কার্যক্রমে গতি আনার ওপর গুরুত্বারোপ।

জ. **নিউজ টুডে, নিউ এজ :** দেশের পর্যটন খাতের সমৃদ্ধির পথের সকল সমস্যা সমাধানে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কার্যকর ব্যবস্থা গ্রহণের আহ্বান।

ঝ. **'নিউ নেশন :** প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক সংকটে শিক্ষা কার্যক্রম ব্যাহত হওয়ায় দ্রুত প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ দেওয়ার প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে বাংলাদেশের আঞ্চলিক কূটনীতি রোহিঙ্গা পরিস্থিতি পাল্টে দিয়েছে। সেজন্য নিরাপদ টেকসই ও দ্রুত প্রত্যাবাসনের অভীষ্ট লক্ষ্য নিয়ে তৈরি হোক বাংলাদেশের কৌশল ।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'যন্ত্রণা নয়, চাই পরিকল্পিত নগরায়ণ'** শিরোনামের নিবন্ধে বাংলাদেশকে উন্নত দেশে পরিণত করতে হলে পরিকল্পিত নগরায়ণ ও উন্নত গ্রামীন অবকাঠামো গড়ে তুলতে হবে বলে অভিমত প্রকাশ।

#

খাদীজা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৭/৯.০০